



বাংলাদেশ পর্যটন করপোরেশন

পরিকল্পনা-১ শাখা

পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও, শেরে

বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা - ১২০৭।

[www.parjatan.gov.bd](http://www.parjatan.gov.bd)



নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৬.০০৯.১৮.৬৪

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮

২৪ ফেব্রুয়ারি ২০২২

### অফিস আদেশ

পর্যটন ও হোটেল ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষিত জনবল সৃষ্টির লক্ষ্যে ১৯৭৪ সালে বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর নিয়ন্ত্রণাধীন ন্যাশনাল হোটেল এন্ড ট্যুরিজম ট্রেনিং ইনস্টিটিউট (এনএইচটিআই) প্রতিষ্ঠা করা হয়। বর্তমান সময়ে প্রতি বছরে প্রায় ০২ হাজারেও অধিক প্রশিক্ষিত জনবল এ ইনস্টিটিউট হতে প্রশিক্ষণ গ্রহণ করছেন। এনএইচটিআই হতে বর্তমানে হোটেল ম্যানেজমেন্ট, ট্যুরিজম ম্যানেজমেন্ট, প্রফেশনাল শেফ, ট্রাভেল এজেন্সি অ্যান্ড ট্যুর অপারেটর এ চারটি ০১-০২ বছর মেয়াদী কোর্সগুলো ছাড়াও ১৮ সপ্তাহব্যাপী সর্বাধিক জনপ্রিয় ফ্রন্ট অফিস সেক্রেটারিয়াল অপারেশন্স, হাউজ কিপিং অ্যান্ড লন্ড্রি, ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস, ফুড অ্যান্ড বেভারেজ প্রোডাকশন, বেকারি অ্যান্ড পেস্ট্রি প্রোডাকশন ইত্যাদি বিষয়ক মোট ০৬টি এনসিসি কোর্সে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উল্লিখিত কোর্সগুলো সম্পন্নের পর সফলভাবে সমাপ্তকারী প্রশিক্ষণার্থীগণকে সনদ প্রদান করা হয়ে থাকে।

০২। এনএইচটিআই কর্তৃক প্রদত্ত এ সনদটি বাংলাদেশসহ বিশ্বময় একটি বিশেষ গুরুত্ব ও গ্রহণযোগ্যতা রয়েছে। এর ফলে প্রশিক্ষণ প্রাপ্তদের দেশে-বিদেশে মানসম্পন্ন বিভিন্ন হোটেল-রেস্তোরাঁসহ ট্যুরিজমের অন্যান্য খাতে কর্মসংস্থান হয়ে থাকে। বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় অনেক ক্ষেত্রেই প্রশিক্ষণ প্রাপ্তদের চাকরি স্থায়ীকরণ, বিদেশী ভিসা প্রাপ্তিসহ অন্যান্য কারণে ব্যক্তি, বিভিন্ন প্রতিষ্ঠান ও বাংলাদেশে অবস্থিত বিদেশী দূতাবাস থেকে প্রদত্ত সনদসমূহ যাচাইয়ের নিমিত্ত আমাদের নিকট প্রেরণ করে থাকেন। সেক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহ বা দূতাবাসসমূহ পত্র প্রেরণের মাধ্যমে বা ই-মেইল মারফত সার্টিফিকেটের ফটোকপি বা স্ক্যানড কপি প্রেরণ করে যাচাইয়ের জন্য অনুরোধ জানায়। তারই প্রেক্ষিতে বিদ্যমান অফিস ব্যবস্থাপনাসহ পুরোনো নথিপত্র খেঁটে ও প্রচুর সময় ব্যয় করে উক্ত সনদের সত্যতা যাচাইপূর্বক পত্র মারফত বা ইমেইল মারফত বাপক'র প্রতিবেদন প্রেরণ করা হয়। এখানে উল্লেখ্য যে,

- পূর্বের অফিস ব্যবস্থাপনায় সনদ যাচাইয়ের একটি আবেদন পত্র সংস্থার চেয়ারম্যান বরাবরে প্রেরণের পর চেয়ারম্যান দপ্তর-পরিচালক দপ্তর-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) দপ্তর, পরিকল্পনা শাখা এবং এনএইচটিআই অধ্যক্ষের দপ্তর ও এনএইচটিআই-এর সংশ্লিষ্ট শাখা কর্তৃক এ বিষয়ক সার্বিক কার্যক্রম সম্পন্ন করতে প্রায় ৬০টি ধাপ অতিক্রম করতে হতো। শুধু তাই নয় এ কাজটি সম্পাদনে সংস্থার প্রায় ১২ কর্মকর্তার সরাসরি সংশ্লিষ্টতা ছিল এবং সুদীর্ঘ পথ পরিক্রমাটি সম্পন্ন করতে প্রায় ৮০ থেকে ৬০ দিনের সময় প্রয়োজন হতো। এতে সংস্থার সেই সাথে দেশের ভাবমূর্তির উপর একটি নেতিবাচক প্রভাব পড়ার সংশ্লিষ্টতা ছিল। প্রায়শই: দেশীয় বিভিন্ন প্রতিষ্ঠান হতে এমনকি বিদেশী প্রতিষ্ঠান হতেও এ বিষয়ে অভিযোগ পাওয়া যেত।

০৩। উপরোক্ত প্রেক্ষাপট বিবেচনায় বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত “ন্যাশনাল হোটেল এন্ড ট্যুরিজম ট্রেনিং ইনস্টিটিউট (এনএইচটিআই)-এর প্রশিক্ষণার্থীদের সনদের সত্যতা যাচাই” শিরোনামে সেবা সহজিকরণ আইডিয়াটি গ্রহণ

করে বাস্তবায়ন করা হয়েছে। আইডিগাটি বাস্তবায়নের ফলে;

- ন্যাশনাল হোটেল এন্ড ট্যুরিজম ট্রেনিং ইনস্টিটিউট (এনএইচটিটিআই) থেকে প্রশিক্ষণ সমাপ্তকারীদের প্রদত্ত সনদের সত্যতা যাচাই প্রক্রিয়াটি এখন মাত্র কয়েক মিনিটের মধ্যে [www.nhtti.gov.bd](http://www.nhtti.gov.bd) ওয়াবে সাইটের মাধ্যমে সনদ যাচাই করা সম্ভব হচ্ছে।

০৪। বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশটি জারী করা হলো।



২৪-২-২০২২

মোঃ জাকির হোসেন সিকদার

মহাব্যবস্থাপক

ফোন: +৮৮০-২-৪১০২৪১৯২

ফ্যাক্স: +৮৮০-২-৪১০২৪১৯৫

ইমেইল:

[chairman@parjatan.gov.bd](mailto:chairman@parjatan.gov.bd)

নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৬.০০৯.১৮.৬৪/১(১৯)


তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮

২৪ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি এবং তাঁর শাখার অধিনস্থ সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের অবগতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৫) অধ্যক্ষ (এনএইচটিটিআই), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) ব্যবস্থাপক, এস্টেট শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) ব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) ব্যবস্থাপক (প্রশিক্ষণ ও পরিসংখ্যান), পরিকল্পনা-২ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৯) ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন বিভাগ, হোটেল অবকাশ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১০) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১১) ব্যবস্থাপক, পূর্ত বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১২) ব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৩) ব্যবস্থাপক, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৪) ব্যবস্থাপক, বাণিজ্যিক বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৫) ব্যবস্থাপক, অডিট শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৬) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৭) নির্বাহী কর্মকর্তা, সাধারণ সেবা শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন

- ১৮) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা , পরিচালক (প্রশাসন ও অর্থ/বাণিজ্যিক/পরিকল্পনা), এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন। (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৯) সহকারী নির্বাহী কর্মকর্তা , আইসিটি শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন



২৪-২-২০২২

মোঃ সাজেদুল কবির

উপব্যবস্থাপক